দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 13 JUL 1988 ...
পৃষ্ঠা ... 11 ... কলাম ... 5 ...

## মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার পরিবর্তন আনার লক্ষ্যে উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন

মাদ্রাসা শিক্ষাক্ষেত্রে বিরাজমান অবস্থা ও বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার সকল স্তরে প্রয়োজনীয় পরিবর্তন আনার জন্য অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়ের প্রকল্প উপদেষ্টা ডঃ এম,এ বারীকে চেয়ারম্যান করে এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে সদস্য-সচিব করে সরকার ১৫ সদস্য বিশিষ্ট একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করেছেন। কমিটি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার বিভিন্ন স্তরের সিলেবাস, পরীক্ষা পদ্ধতি, প্রশাসনিক ব্যবস্থা ইত্যাদি বিশদভাবে পরীক্ষা-নিরীক্ষা করে আগামী তিন মাসের মধ্যে সরকারের নিকট সুপারিশ পেশ করবেন। খবর তথ্য বিবরণীর।